

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
অডিট শাখা  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

স্মারক নং-শাঃ৩/১-এ অডিট-৬১/২০০৫-০৪৪

তারিখঃ ০১ কার্তিক ১৪২৫  
১৬ অক্টোবর ২০১৮

বিষয়ঃ খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট, খুলনা-এর ২০০২-২০১৩ আর্থিক সনের অডিটে পরিলক্ষিত অনিষ্পন্ন অগ্রিম অনুচ্ছেদের ব্রডশীট জবাব প্রেরণ।

সূত্র: ১। কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২২.০১.০৯৯.১৭-১৩১; তারিখ: ২৬/০৯/২০১৮খ্রি।  
২। খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট-এর স্মারক নং-হিসাব/অডিট/২০১৮-১৯/১৭৫৮; তারিখ: ১৩/০৯/২০১৮খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট, খুলনা-এর ২০১২-২০১৩ আর্থিক সনের অডিটে পরিলক্ষিত অনিষ্পন্ন অডিট আপত্তির অগ্রিম অনুচ্ছেদ নং-০১, ০২, ০৪, ০৫ ও ০৬ এবং ২০১২-২০১৩ আর্থিক সনের ০১, ০২ ও ০৩-এর ব্রডশীট জবাবে মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মতামতসহ স্বাক্ষর, অভিযুক্ত ক্যাশিয়ারের নিকট হতে অডিট আপত্তিকৃত টাকা আদায়ের জন্য (ফৌজদারী মামলা দায়ের ছাড়া) আর কোন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কি না? অভিযুক্ত ক্যাশিয়ার জনাব মো: আইয়ুব আলী পি আর এল-এর আবেদন করলেও তার আবেদন এখনও নিষ্পত্তি করা হয়েছে কি না? অভিযুক্তের বিরুদ্ধে কোন বিভাগীয় মামলাও করা হয়েছে কি না। অভিযুক্তের নিকট হতে সরকারি পাওনা টাকা আদায়পূর্বক তা সরকারি কোষাগারে জমাসহ অডিট আপত্তির গ্রহণযোগ্য ব্রডশীট জবাব প্রয়োজন।

০২। অতএব, খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট-এর ২০১২-২০১৩ আর্থিক সনের সনের অডিটে পরিলক্ষিত অনিষ্পন্ন অগ্রিম অনুচ্ছেদ নং-০১, ০২, ০৪, ০৫ ও ০৬ এবং ২০১২-২০১৩ আর্থিক সনের ০১, ০২ ও ০৩-তে বর্ণিত আপত্তির গ্রহণযোগ্য জবাব (প্রয়োজনীয় ক্ষেত্রে আপত্তিকৃত টাকা সরকারি কোষাগারে জমা করত: প্রমাণকসহ) তৈরীক্রমে ব্রডশীট জবাবে মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর-এর মতামতসহ আগামী ৩১/১০/২০১৮ তারিখের মধ্যে ব্রডশীট জবাব এ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।



১৬/১০/১৮

(নূরজাহান বেগম)

সহকারী সচিব (অডিট ও আইন)

ফোনঃ ৯৫৭৫২৭২

মহাপরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
আগারগাঁও, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১. খুলনা, হবিগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট, খুলনা।
২. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. যুগ্মসচিব (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. উপসচিব (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।